



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে, ২০২০ সালে নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের লক্ষ্যে ফিসমূহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় নিম্নেবর্ণিত জরুরি নির্দেশনাবলি অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

জরুরি নির্দেশাবলি

- ১। বোর্ড রেগুলেশনের ৩৯(২) ধারা অনুযায়ী ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে কোন শিক্ষার্থী নবম শ্রেণিতে ভর্তি হতে পারবে না;
- ২। জনপ্রতি রেজিস্ট্রেশন ফি : (ক) বিলম্ব ফি ব্যতীত জনপ্রতি ১৪৩/- (একশত তেতাল্লিশ) টাকা
(খ) বিলম্ব ফিসহ জনপ্রতি ২৮৩/- (দুইশত তিরিশি) টাকা মাত্র;
- ৩। বিলম্ব ফি জনপ্রতি : ১৪০/- (একশত চল্লিশ) টাকা মাত্র;
- ৪। সকল শিক্ষা প্রতিষ্ঠানের হালসন নাগাদ স্বীকৃতি থাকতে হবে এবং বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবে না;
- ৫। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোন শিক্ষার্থীকে কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন ভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।
- ৬। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF SSC-তে ক্লিক করলে Payable Fees of SSC 2019 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print sonali seba slip-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না);
ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্লিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে;
- ৭। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : ১৬ আগস্ট ২০২০ থেকে ১৩ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত;

রেজিস্ট্রেশন ফি ও অন্যান্য ফি নিম্নরূপ :

রেজিঃ ফি	ক্রীড়া ফি	বয়েজ স্কাউট/গার্লস গাইড ফি	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	রেডক্রিসেন্ট ফি	বিএনসিসি ফি	বিলম্ব ফি	ফি-এর পরিমাণ	
							বিলম্ব ফি ব্যতীত	বিলম্ব ফিসহ
৮০/-	৩০/-	১৫/-	৫/-	৮/-	৫/-	১৪০/-	১৪৩/-	২৮৩/-

* শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীপ্রতি ২০/- (বিশ) টাকা হারে রেডক্রিসেন্ট ফি আদায় করবেন। এর মধ্যে ৮/- (আট) টাকা রেডক্রিসেন্ট ফি হিসেবে অন্যান্য ফি-এর সাথে জমা দিতে হবে। অবশিষ্ট ১২/- (বার) টাকা শিক্ষা প্রতিষ্ঠানের রেডক্রিসেন্ট তহবিলে জমা হবে।

- ৮। ফি জমাদানের জন্য বোর্ডে আসার প্রয়োজন নেই;

